গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নং : ৫১.০১.৪৬৬৭.০০০.৪১.০০৮.২৪- ৪২৩,  তারিখ : ৪/১২/২০২৫ খ্রিস্টাব্দ।

**বিষয় : ২০২৫-২০২৬ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় নগদ অর্থ (টাকা), খাদ্যশস্য (চাল) ও খাদ্যশস্য (গম) এর প্রকল্প তালিকা ও রেজুলেশন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার স্মারক নং-৫১.০১.০০০০.০১২.১৪.০০১.২৫-১৪৪, তারিখ: ০২/১২/২০২৫ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থবছরে বাস্তবায়নের জন্য গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে মানিকছড়ি উপজেলার অনুকূলে নগদ অর্থ খাতে= **২৮,৫৭,৫৫১.১১ (কথায়: আটাশ লক্ষ সাতান্ন হাজার পাঁচশত একান্ন দশমিক এক এক মাত্র) টাকা, খাদ্যশস্য খাতে চাল=১৭.০৪ (কথায়: সতের দশমিক শূন্য চার মাত্র) মে: টন ও গম=১৭.০৪ (কথায়: সতের দশমিক শূন্য চার মাত্র) মে: টন** উপ-বরাদ্দ পাওয়া গেছে। বাস্তবায়ন পরিপত্রের ২নং অনুচ্ছেদের খ ও গ অনুয়ায়ী উপজেলা কমিটির জন্য মোট বরাদ্দের ২০% খাদ্যশস্য/টাকা রিজার্ভ রাখিয়া অবশিষ্ট খাদ্যশস্য/টাকা ৫০% জনসংখ্যা এবং ৫০% আয়তনের ভিত্তিতে ০৪ টি ইউনিয়নের অনুকূলে জনশুমারী ২০২১ অনুযায়ী নিম্নরুপভাবে নিম্নলিখিত শর্তানুযায়ী ইউনিয়নওয়ারী উপ-বরাদ্দ প্রদান করা হলো।

ইউনিয়নওয়ারী বিভাজন (পরিসংখ্যান জনশুমারি'২০২১) এর তথ্যমতে

| ক্রম | ইউনিয়ন | জনসংখ্যা | আয়তন (একর) | জনসংখ্যার হার | আয়তনের হার | গড় আয়তন | উপ-বরাদ্দ (নগদ অর্থ) | উপ-বরাদ্দ মে: টন (চাল) | উপ-বরাদ্দ মে: টন (গম) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | মানিকছড়ি | ২৮,৮৫৯ | ১০,৮০৮ | ৩৭.৪৭% | ২৬.০৩% | ৩১.৭৫% | ৬,৯৮,০০০/- | ৪.১০০ মে: টন | ৪.১০০ মে: টন |
| ২ | বাটনাতলী | ১৫,১২৭ | ১১,৫২০ | ১৯.৬৪% | ২৭.৭৪% | ২৩.৬৯ % | ৫,৫৩,০০০/- | ৩.৩০০ মে: টন | ৩.৩০০ মে: টন |
| ৩ | যোগ্যাছোলা | ১৩,৪৫২ | ৮,৩২০ | ১৭.৪৬% | ২০.০৩% | ১৮.৭৫% | ৪,৪০,০০০/- | ২.৭০০ মে: টন | ২.৭০০ মে: টন |
| ৪ | তিনটহরী | ১৯,৫৮৯ | ১০,৮৮০ | ২৫.৪৩% | ২৬.২০% | ২৫.৮২% | ৫,৯৫,০০০/- | ৩.৫০০ মে: টন | ৩.৫০০ মে: টন |
| উপজেলা কমিটি কর্তৃক সরাসরি প্রকল্প গ্রহণ ( ২০%) | | | | | | | ৫,৭১,৫৫১.১১ | ৩.৪৪০ মে: টন | ৩.৪৪০ মে: টন |
| মোট= | | ৭৭,০২৭ | ৪১,৫২৮ | ১০০.০০% | ১০০.০০% | ১০০% | ২৮,৫৭,৫৫১.১১ | ১৭.০৪ মে: টন | ১৭.০৪ মে: টন |

শর্তাবলী:

১. ২০২৫-২০২৬ অর্থবছরে নগদ অর্থ/খাদ্যশস্য বরাদ্দের বিপরীতে নির্দেশিকা অনুসরণ করে প্রকল্প গ্রহণ পূর্বক প্রকল্প আগামী ১৫/১২/২০২৫ খ্রি: তারিখের মধ্যে উপজেলা কমিটির নিকট প্রেরণ করতে হবে;
২. ২০২৫-২০২৬ অর্থবছরে বরাদ্দের বিপরীতে গৃহীত প্রকল্প, বাস্তবায়ন সময়সীমা আগামী ৩১/০৩/২০২৫ খ্রি: পর্যন্ত;
৩. এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচালিত সকল আর্থিক বিধান, কাবিখা/কাবিটা কর্মসূচির নির্দেশিকা-২০২১ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
৪. ২০২৫-২০২৬ অর্থবছরে বরাদ্দ হতে সোলার খাতে কোন প্রকল্প/স্কীম গ্রহণ করা যাবে না;
৫. এক কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই কাবিখা/কাবিটা নির্দেশিকার ৪নং অনুচ্ছেদে যথাযথ ভাবে অনুসরন করতে হবে;৭. প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে;
৬. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে সভাপতি করতে হবে;
৭. নতুনভাবে তৈরিকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগের পরামর্শক্রমে তালগাছের ছাড়া রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে;
৮. জনগুরুত্বপূর্ণ বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান, শিক্ষা/ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান এবং জনবহুল স্থানে জনসাধারণের জানমালসহ সার্বিক নিরাপত্তা এবং সরকারি সম্পদ রক্ষার্থে 'ক্লোজড সার্কিট ক্যামেরা স্থাপন' প্রকল্প গ্রহণ করা যাবে;
১১. পিআইসিতে অন্যান্য সদস্যের মধ্যে ইউপি সদস্য/মহিলা সদস্য ছাড়াও একজন স্কুল শিক্ষক (বেসরকারী)/মসজিদের ইমাম/সমাজকর্মী/ গণ্যমান্য ব্যক্তি থাকতে পারবেন;
**১২. কাবিখা/কাবিটা প্রকল্পে ক্ষেত্রে সর্বনিম্ন বরাদ্দ হইবে ০৪ (চার) মে.টন চাউল অথবা ০৫ (পাঁচ) মে.টন গম অথবা ২,০০,০০০/- (দুই লক্ষ মাত্র) টাকা বরাদ্দ করার বিধান সর্বক্ষেত্রে পালিত হইবে;**
১৩. কাবিখা/কাবিটা প্রকল্পের ক্ষেত্রে এইচবিবি/ সলিং/ ছোটখাটো কালভার্ট ও গাইড ওয়াল নির্মাণ প্রকল্প নেওয়া যাবে।

৯/১২/২৫
**(তাহমিনা আফরোজ ভূইয়া)**
উপজেলা নির্বাহী অফিসার
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

চেয়ারম্যান /দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
মানিকছড়ি/বাটনাতলী/যোগ্যাছোলা/তিনটহরী ইউনিয়ন পরিষদ
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নং : ৫১.০১.৪৬৬৭.০০০.৪১.০০৮.২৫-  তারিখ : /১২/২০২৫ খ্রিস্টাব্দ।

অনুলিপি: সদয় অবগতির জন্য।
১। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২। প্রশাসক, উপজেলা পরিষদ, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৪। অফিস সংরক্ষণ নথি।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)

মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নং : ৫১.০১.৪৬৬৭.০০০.৪১.০০৭.২৫- ৪২৪, তারিখ : ০৪/১২/২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয় : ২০২৫-২০২৬ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় নগদ অর্থ আওতায় প্রকল্প তালিকা ও রেজুলেশন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার স্মারক নং-৫১.০১.০০০০.০১২.১৪.০০৪.২৫-১১৮, তারিখ: ০২/১২/২০২৫ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থবছরে বাস্তবায়নের জন্য গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে মানিকছড়ি উপজেলার অনুকূলে নগদ অর্থ খাতে সর্বমোট=১৬,৩০,৮৫৪.৪৪ (কথায়: ষোল লক্ষ ত্রিশ হাজার আটশত চুয়ান্ন দশমিক চার চার মাত্র) টাকা উপ-বরাদ্দ পাওয়া গেছে। বাস্তবায়ন পরিপত্রের ২নং অনুচ্ছেদের খ ও গ অনুযায়ী উপজেলা কমিটির জন্য মোট বরাদ্দের ২০% খাদ্যশস্য/টাকা রিজার্ভ রাখিয়া অবশিষ্ট খাদ্যশস্য/টাকা ৫০% জনসংখ্যা এবং ৫০% আয়তনের ভিত্তিতে ০৪ টি ইউনিয়নের অনুকূলে জনশুমারী ২০২১ অনুযায়ী নিম্নরুপভাবে নিম্নলিখিত শর্তানুযায়ী ইউনিয়নওয়ারী উপ-বরাদ্দ প্রদান করা হলো।

ইউনিয়নওয়ারী বিভাজন পরিসংখ্যান'২০২১ এর তথ্যমতে

| ক্রম | ইউনিয়ন | জনসংখ্যা | আয়তন (একর) | জনসংখ্যার হার | আয়তনের হার | গড় আয়তন | উপ-বরাদ্দ (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | মানিকছড়ি | ২৮,৮৫৯ | ১০,৮০৮ | ৩৭.৪৭% | ২৬.০৩% | ৩১.৭৫% | ৩,৯৮,০০০/- |
| ২ | বাটনাতলী | ১৫,১২৭ | ১১,৫২০ | ১৯.৬৪% | ২৭.৭৪% | ২৩.৬৯% | ৩,১৬,০০০/- |
| ৩ | যোগ্যাছোলা | ১৩,৪৫২ | ৮,৩২০ | ১৭.৪৬% | ২০.০৩% | ১৮.৭৫% | ২,৫১,০০০/- |
| ৪ | তিনটহরী | ১৯,৫৮৯ | ১০,৮৮০ | ২৫.৪৩% | ২৬.২০% | ২৫.৮২% | ৩,৩৯,০০০/- |
| উপজেলা কমিটির ২০% রিজার্ভ | | | | | | | ৩,২৬,৮৫৪.৪৪ |
| | সর্বমোট= | ৬১,৫৮৯ | ৪১,৫২৮ | ১০০.০০% | ১০০.০০% | ১০০.০০% | ১৬,৩০,৮৫৪.৪৪ |

**শর্তাবলী:**

১. ২০২৫-২০২৬ অর্থবছরে নগদ অর্থ/খাদ্যশস্য বরাদ্দের বিপরীতে নির্দেশিকা অনুসরণ করে প্রকল্প গ্রহণ পূর্বক প্রকল্প আগামী ১৫/১২/২০২৫ খ্রি: তারিখের মধ্যে উপজেলা কমিটির নিকট প্রেরণ করতে হবে;
২. এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধান, টিআর কর্মসূচির নির্দেশিকা-২০২১ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
৩. চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে বরাদ্দ হতে সোলার খাতে কোন প্রকল্প/স্কীম গ্রহণ করা যাবে না;
৪. এক কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই টিআর নির্দেশিকার ৪নং অনুচ্ছেদে যথাযথ ভাবে অনুসরন করতে হবে;
৫. প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে;
৬. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে সভাপতি করতে হবে;
৭. নতুনভাবে তৈরিকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগের পরামর্শক্রমে তালগাছের ছাড়া রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে;
৮. জনগুরুত্বপূর্ণ বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান, শিক্ষা/ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান এবং জনবহুল স্থানে জনসাধারণের জানমালসহ সার্বিক নিরাপত্তা এবং সরকারি সম্পদ রক্ষার্থে 'ক্লোজড সার্কিট ক্যামেরা স্থাপন' প্রকল্প গ্রহণ করা যাবে;
৯. পিআইসিতে অন্যান্য সদস্যের মধ্যে ইউপি সদস্য/মহিলা সদস্য ছাড়াও একজন স্কুল শিক্ষক (বেসরকারী)/মসজিদের ইমাম/সমাজকর্মী/ গণ্যমান্য ব্যক্তি থাকতে পারবেন;
১০. টিআর প্রকল্পে ক্ষেত্রে সর্বনিম্ন ১,২০,০০০/- ও সর্বোচ্চ ৩,০০,০০০/- টাকা বরাদ্দ করার বিধান সর্বক্ষেত্রে পালিত হইবে;
১১. টি.আর প্রকল্প দ্বারা মাটির রাস্তা নেওয়া যাবে না। শুধুমাত্র ধর্মীয় প্রতিষ্ঠান/শিক্ষা প্রতিষ্ঠান/জনকল্যানমূলক প্রতিষ্ঠানের মেরামত ও উন্নয়নের প্রকল্প নেওয়া যাবে।

(তাহমিনা আফরোজ ভূইয়া)
উপজেলা নির্বাহী অফিসার
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা

চেয়ারম্যান /দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
মানিকছড়ি/বাটনাতলী/যোগ্যাছোলা/তিনটহরী ইউনিয়ন পরিষদ
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নং : ৫১.০১.৪৬৬৭.০০০.৪১.০০৭.২৪- তারিখ : /১২/২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতির জন্য।

১। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২। প্রশাসক, উপজেলা পরিষদ, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৪। অফিস সংরক্ষণ নথি।

CamScanner